# অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির
# দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : **জনাব জেসমিন হক জেসি,** মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, চকরিয়া, কক্সবাজার।
সভার তারিখ ও সময় : ২৭/০৪/২০২২খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার উপস্থিতি : পরিশিষ্ট ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির সদস্য-সচিবকে সভার আলোচ্যসূচি নিয়ে আলোকপাত করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব সভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর আলোকপাত করেন।

০১.বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। সভায় উপস্থিত ০৭ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহিত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া জানান, ২০২০-২০২১ অর্থ বছরের ১ম পর্যায়ে মাননীয় সংসদ সদস্যের অনুকূলে বরাদ্দকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ১৬০.০০ মে:টন কাবিখা চাল দ্বারা ২টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হয়েছে ও ৩৫৮৯৮১০ টাকা দ্বারা ৫০টি সৌরবিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নাধীন আছে এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) প্রকল্পের আওতায় ৩৫৫৭৬৬৬ টাকা দ্বারা ২২টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন হয়েছে ও ৩৮০৪৩৭৮ টাকা দ্বারা ৪৮টি সৌরবিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নাধীন আছে। ১ম পর্যায়ে উপজেলায় বরাদ্দকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ১১৮.৩৯৯৬ মে.টন কাবিখা চাল দ্বারা ২১টি উন্নয়ন প্রকল্প ও ৩৬১১২১৬ টাকা দ্বারা ১০৭টি সৌরবিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নাধীন আছে এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) প্রকল্পের আওতায় ২৮৪৯১৭৬ টাকা দ্বারা ২৮টি উন্নয়ন প্রকল্প ও ২৪৫৫৬৩৩ টাকা দ্বারা ৯৯টি সৌরবিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নাধীন আছে। এছাড়া ২য় পর্যায়ে মাননীয় সংসদ সদস্যের অনুকূলে বরাদ্দকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ১৬০.৫৫৫ মে.টন কাবিখা গম দ্বারা ৫টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন প্রায় সম্পন্ন হয়েছে ও ৩৬২১৬৪০ টাকা দ্বারা ৩৭টি সৌরবিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নাধীন আছে এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) প্রকল্পের আওতায় ৩৯৫৭০০০টাকা দ্বারা ২৪টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন চলমান রয়েছে ও ৩৩৭০২৩৮ টাকা দ্বারা ৩৬টি সৌরবিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নাধীন আছে। ২য় পর্যায়ে উপজেলায় বরাদ্দকৃত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) প্রকল্পের তালিকা প্রক্রিয়াধীন রয়েছে।<br>২। তিনি আরো জানান, অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ইজিপিপি প্রকল্পের আওতায় ২৪২৯৬০০০ টাকা দ্বারা ৫১টি প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত থাকলেও শ্রমিক উপস্থিতি কম থাকায় ২০৪০৫০০০ টাকা ব্যয় হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে সেতু/কালভার্ট কর্মসূচির | ১। গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ প্রকল্পের ১ম পর্যায়ের কাজ অতিদ্রুত সম্পন্নকরণ ও ২য় পর্যায়ের তালিকা জরুরিভাবে প্রস্তুতির সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। সেতু/কালভার্ট ও এইচবিবি প্রকল্পের কাজের তদারকি বৃদ্ধিপূর্বক বৃষ্টি মৌসুম শুরুর আগেই ১০০% বাস্তবায়ন সম্পন্নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৩। অপ্রত্যাশিত খাতের টাকা হতে ত্রাণসামগ্রী ক্রয় ও বিতরণের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ধার দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় যা সরকারী বরাদ্দ প্রাপ্তীসাপেক্ষে উক্ত খাতে ফেরত দেওয়া যেতে পারে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া। |

| | | | |
|---|---|---|---|
| | আওতায় ৬২৬৭৭৫৮৫ টাকা দ্বারা ২৪টি সেতু বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। বর্তমানে ৬৫% বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে এইচবিবি কর্মসূচির আওতায় ৪৩৯৭০২০০ টাকা দ্বারা ৮টি প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। বর্তমানে ৭০% বাস্তবায়ন সম্পন্ন হয়েছে।<br><br>৩। তিনি আরো জানান, আগামীকাল হতে সারাদেশে অফিস আদালতসহ সকল প্রতিষ্ঠান বন্ধ থাকবে এবং ২৮/০৩/২০২১খ্রিঃ হতে যানবাহন বন্ধ থাকবে এবং সরকারি ত্রাণ বরাদ্দ পেতে কয়েকদিন সময় লাগবে। এমতাবস্থায় অসহায় দিনমজুর, গাড়ীচালক, হেল্পার, ক্ষুদ্র ব্যবসায়ী ও অতিদরিদ্র জনসাধারণের মাঝে ত্রাণ কার্যক্রম চালু রাখার জন্য উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে ০৫(পাঁচ) লক্ষ টাকা দ্বারা ত্রাণ সামগ্রী ক্রয় ও অসহায় পরিবারের মাঝে বিতরণ করা যেতে পারে। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জেসমিন হক জেসি)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
ও
সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি,
চকরিয়া কক্সবাজার।

স্মারক নং : ৫১.০১.২২১৬.০০০.৯৮.০২৮.২০২২- ৫৭ তাং : ২৭/০৪/২০২২খ্রিঃ

**অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবাজার-১।
২। জেলা প্রশাসক, কক্সবাজার।
৩। চেয়াম্যান উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
৪। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া, কক্সবাজার।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান. উপজেলা পরিষদ. চকরিয়া, কক্সবাজার।
৬। সংরক্ষণ নথি।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

২-৪) জনাব..................................................
৫-৬) চেয়ারম্যান ...................... ইউনিয়ন পরিষদ।
০৩. বিবিধ।

২৭.৪.২২

(মোহাম্মদ মাসুদুর রহমান)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
চকরিয়া, কক্সবাজার।
ও
সদস্য সচিব
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি
চকরিয়া, কক্সবাজার।

পরিশিষ্ট- "ক"

চকরিয়া উপজেলার অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটির

দ্বি-মাসিক সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

তারিখ : ২৭/০৪/২০২২খ্রিঃ, রোজঃ বুধবার, সকাল : ১১.০০ ঘটিকা।

| ক্র:নং | নাম ও পদবী | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | **জনাব জেসমিন হক জেসি,** মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া ও সভাপতি, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | ০১৮২১-৫৭৩৭৫০ | |
| ০২. | **জনাব কমল কান্তি পাল,** উপজেলা প্রকৌশলী (এলজিইডি), চকরিয়া ও সদস্য, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | ০১৭০৮-১৬১২৭২ | |
| ০৩. | **জনাব শফিউদ্দিন আহাম্মদ,** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চকরিয়া ও সদস্য, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | ০১৮১৯-৮৪৩৭৩৭ | |
| ০৪. | **জনাব মোঃ আমজাদ হোসেন,** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, চকরিয়া ও সদস্য, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | ০১৭৩৭-২২০১৮৮ | |
| ০৫. | **জনাব মক্কী ইকবাল হোসেন,** চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, চকরিয়া ও সদস্য, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | ০১৬১৪-০৬৮৩০৭ | |
| ০৬. | **জনাব গিয়াস উদ্দিন চৌধুরী,** চেয়ারম্যান, ফাঁসিয়াখালী ইউনিয়ন পরিষদ, চকরিয়া ও সদস্য, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | ০১৮১৯-৮২৪৪৯৭ | 27/04/2022 |
| ০৭. | **জনাব মোহাম্মদ মাসুদুর রহমান,** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চকরিয়া ও সদস্য-সচিব, অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | ০১৭২০-২৪০৪৮১ | 27.4.22 |